



যেহেতু, অপর পৃষ্ঠার তফসীলে “বীমাকারী” নামে আখ্যায়িত প্রস্তাবক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতির নিকট, অতঃপর যিনি ‘রাষ্ট্রপতি’ বলিয়া উল্লিখিত, উক্ত তফসীলে বর্ণিত বীমার জন্য প্রস্তাবপত্র এবং বীমাপত্র দাখিল করিয়াছেন এবং স্বীকার করিয়াছেন যে তৎকর্তৃক স্বাক্ষরিত প্রস্তাবপত্র এবং ঘোষণাপত্র এই মেয়াদী বীমাচুক্তির ভিত্তি হইবে;

এবং যেহেতু রাষ্ট্রপতি তাহার প্রস্তাব গ্রহণ করিয়াছেন এবং উক্ত তফসীলে বর্ণিত পরিমাণ টাকার মেয়াদী বীমা বাবত উহাতে উল্লিখিত মেয়াদের জন্য প্রস্তাবক কর্তৃক প্রস্তাব গ্রহণপত্রের শর্তন্যায়ী প্রদত্ত প্রথম কিস্তির টাকা গ্রহণ করিয়াছেন ;

সেইহেতু এক্ষণে, এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে যদি বীমাকারী বাংলাদেশ পোস্ট অফিসের মহাপরিচালকের নিকট (অতঃপর “মহাপরিচালক” বলিয়া উল্লিখিত, আপাততঃ তাহার দায়িত্ব পালনকারী অফিসার বা রাষ্ট্রপতি কর্তৃক এতৎসম্পর্কে যথাযথভাবে ক্ষমতা প্রদত্ত অন্য যে কোন অফিসার এই অভিব্যক্তির অন্তর্ভুক্ত হইবেন) উক্ত তফসীলে নির্ধারিত মতে অথবা তাহার মৃত্যু না হওয়া পর্যন্ত, যাহাই আগে ঘৃটক না কেন, পরবর্তী মাসিক কিস্তি প্রদান করেন তাহা হইলে রাষ্ট্রপতি বীমাকারীর উক্ত তফসীলে বর্ণিত বয়ঃপ্রাপ্তির পর যথাসম্ভব শীঘ্ৰ বীমাকারীকে অথবা তাহার স্বত্ত্বনিয়োগীকে অথবা যদি তিনি অর্থ গ্রহণ না করিয়া মারা যান, তাহা হইলে বীমাকারীর মৃত্যু এবং দাবীকারীর স্বত্ত্ব মহাপরিচালকের নিকট সন্তোষজনকভাবে প্রমাণিত হইবার পর যথাসম্ভব শীঘ্ৰ তাহার সম্পত্তির কার্যনির্বাহক (Executor), পরিচালক (Administrator) বা স্বত্ত্বনিয়োগীকে (Assign) রাষ্ট্রপতি কর্তৃক বিঘোষিত যদি কোন বোনাস থাকে তাহা সমেত, উক্ত তফসীলে বর্ণিত অর্থ প্রদান করিতে বাধ্য থাকিবেন।

কিন্তু এই চুক্তি নিম্নলিখিত শর্ত সাপেক্ষ হইবে, যথাঃ— (১) যদি উপরিউক্ত প্রস্তাবপত্রে এবং ঘোষণাপত্রে বিধিত বিবৃতিসমূহ অসত্য হয় তাহা হইলে ইহা বাতিল হইয়া যাইবে এবং বীমাকারী কর্তৃক প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত হইয়া যাইবে ; এবং (২) যদি বীমাকারী বাংলাদেশ বিমান বাহিনীতে তাহার সরকারী কর্তব্য পালনকালে বা সাধারণ পরিবহণের জন্য অনুমোদিত বিমানে ভাড়া পরিশোধকারী যাত্রী হিসাবে ভ্রমণ ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিমান চালনায় মৃত্যুবরণ করেন, তাহা হইলে শুধুমাত্র বীমার অধীনে অর্জিত সমর্পণ মূল্য (surrender value) প্রদেয় হইবে, তবে শর্ত থাকে যে, সমর্পণ মূল্য কেবল তখনই প্রদান করা হইবে যখন বীমাকিস্তির দুই বৎসরের টাকা পরিশোধ করা হইয়াছে এবং বীমাপত্রটির স্থিতিকাল ন্যূনপক্ষে দুই বৎসর হইয়াছে।

সহকারী পরিচালক,  
ডাক জীবন বীমা  
রাষ্ট্রপতির পক্ষে

তারিখ..... ২০১.....

বিশেষ দ্রষ্টব্য :-এই বীমাপত্র ডাক জীবনবীমা তহবিল বিধির বিধানাবলীর সাপেক্ষে প্রদান করা হইবে।

বিপিও/প্রেস/০৬-২০১৬/৫০,০০০ কপি

## তফসীল

বুঁকি গ্রহণের তারিখ	বীমাপত্রের শ্রেণী এবং বীমাকৃত টাকার পরিমাণ	টাকা	পয়সা
নাম, পদবী এবং বীমাকারীর ঠিকানা			বীমাকিস্তির মাসিক দেয় টাকা
যে মাসে চূড়ান্ত বীমাকিস্তির টাকা পরিশোধনীয়			<u>বীমাকারীর জন্ম-তারিখ</u> <u>প্রস্তাবের তারিখ</u> <u>যোগ্যণার তারিখ</u> <u>গ্রহণের তারিখ</u> <u>অন্তর্ভুক্তিকালে বয়স</u> <u>পূর্ণতা প্রাপ্তির তারিখ</u>
বীমার শ্রেণী	মেয়াদী বীমা		
যে ঘটনার বা ঘটনাসমূহের পরিপ্রেক্ষিতে বীমাকৃত টাকা পরিশোধ করিতে হইবে।	চুক্তিবদ্ধ মেয়াদ পূরণের তারিখ পর্যন্ত বীমাকারী জীবিত থাকিলে অথবা যদি তৎপূর্বেই তাঁহার মৃত্যু হয়।		
যে সময়ের মধ্যে বীমাকিস্তি দিতে হইবে।	চূড়ান্ত পরিশোধের চুক্তিবদ্ধ মাস অথবা মৃত্যুর পূর্ব পর্যন্ত।		

## পৃষ্ঠাংকন

এই বীমাপত্র নং..... পূর্ণ দুই বৎসর বলবৎ রাখিবার পর সমর্পণ মূল্য অর্জন করিবে। এই  
বীমাপত্রের বিভিন্ন সময়ের সমর্পণ মূল্য নীচে দেখানো হইল। এই বীমাপত্রের লভ্যাংশের সমর্পণ মূল্য ইহার বহির্ভূত হইবে।

৩ বৎসর পূর্ণ হইবার পর টাকা.....

৫ বৎসর পূর্ণ হইবার পর টাকা.....

১০ বৎসর পূর্ণ হইবার পর টাকা.....

১৫ বৎসর পূর্ণ হইবার পর টাকা.....

২০ বৎসর পূর্ণ হইবার পর টাকা.....

উপরের লিখিত যে কোন দুই সময়ের মধ্যবর্তী সময়ের আনুমানিক সমর্পণ মূল্য সরল  
গাণিতিক পদ্ধতিতে সহজেই হিসাব করা যাইবে।

স্বত্ত্ব-নিয়োগ (Assignment)

## ডাক জীবন বীমা

বীমাপত্র নং.....

নাম.....

বীমাপত্রের শ্রেণী.....

বীমাকৃত টাকা.....

বীমা কিস্তির টাকা.....

শেষ বীমা কিস্তির দেয় টাকা.....

পূর্ণতা- প্রাপ্তির তারিখ.....